



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়

Phone : 9553637
dgmpd1@krishibank.org.bd
www.krishibank.org.bd

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৮-২০১৯/২৬৬৭

তারিখ : ১০.১০.২০১৮ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক সাহায্যের আবেদন ।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, চৌমুহনী শাখা, নোয়াখালী এর কর্মকর্তা (১০ম গ্রেড) জনাব ফেরদৌস আলম (এফ-৬১১) এর স্ত্রী জনাব শিউলী আক্তার মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে তাঁর স্বামীর চিকিৎসার উদ্দেশ্যে মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।


০২। জনাব ফেরদৌস আলম (এফ-৬১১) দীর্ঘ এক বৎসর যাবত মস্তিস্কের দূরারোগ্য রোগে ভুগছেন। স্মৃতি শক্তি হারিয়ে ফেলেছেন। কাউকে চিনতে পারেননা। আজগর আলী হাসপাতাল, ঢাকার চিকিৎসক জনাব এআরএম নূরুজ্জামান এর প্রত্যয়নপত্রে উল্লেখ রয়েছে যে, জনাব ফেরদৌস আলম Seizure Disorder, Encephalitis, Aspiration Pneumonia, Septic Shock ও HTN রোগে ভুগছেন।

০৩। দীর্ঘ দিন ধরে স্বামীর চিকিৎসা করাতে যেয়ে জনাব শিউলী আক্তার অতিশয় আর্থিক সংকটে পতিত হয়েছেন। ছোট ছোট দুটি সন্তান নিয়ে খুবই কষ্টে দিনাতিপাত করছেন। হাসপাতালের ব্যয় নির্বাহ করতে যেয়ে আত্মীয় স্বজনের কাছে ধার দেনা করতে হয়েছে। বর্তমানে অর্থাভাবে ব্যয়বহুল এই চিকিৎসা চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছেনা বিধায় জনাব শিউলী আক্তার নিজ পরিবারের আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে মানবিক কারনে তার স্বামীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য কামনা করেছেন।

০৪। এমতাবস্থায়, জনাব ফেরদৌস আলম (এফ-৬১১) এর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, লক্ষীপুর শাখা, লক্ষীপুর এ পরিচালিত আবেদনকারীর সঞ্চয়ী হিসাব নং-৯১৩৮ -এ যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


(এম,এ, রউফ হুইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।

০২। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। ব্যবস্থাপক, বিকেবি, লক্ষীপুর শাখা, লক্ষীপুর।

০৪। ব্যবস্থাপক, বিকেবি, চৌমুহনী শাখা, নোয়াখালী। জনাব শিউলী আক্তার, স্বামীঃ জনাব ফেরদৌস আলম এর নিকট পত্রের একটি কপি পৌছানোর অনুরোধ করা হলো।

০৫। নথি/অফিস নথি।